

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৮০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি সফরের জন্য পাথেয় নেওয়া নাজায়েয মনে করে, তার কথা অপনোদনকারী হাদীস

ذكر الخبر المدحض قول من نفى جواز التزود للأسفار

আরবী

2680 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عُمَرَ بْنِ يُونُسَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ الْمُبَارَكِ الْمُخَرَّمِيُّ قَالَ: حَدَّثَنَا شَبَابَةُ قَالَ: حَدَّثَنِي وَرْقَاءُ عَنْ عَمْرِو بْنِ دِينَارٍ عَنْ عِكْرِمَةَ عَنْ ابْنِ عَبَّاسٍ قَالَ: كَانُوا يَحْجُونَ وَلَا يَتَزَوَّدُونَ فَأَنْزَلَ اللَّهُ: {وَتَزَوَّدُوا فَإِنَّ خَيْرَ الزَّادِ التَّقْوَى} [البقرة: 197]

الراوي : ابن عَبَّاسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 2680 | خلاصة حكم المحدث: صحيح: خ.

বাংলা

২৬৮০. আব্দুল্লাহ বিন আব্বাস রাঈয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “সাহাবীগণ সফর করতেন, কিন্তু কোন পাথেয় নিতেন না, তখন আয়াত নাযিল হয়, وَتَزَوَّدُوا فَإِنَّ خَيْرَ الزَّادِ التَّقْوَى (আর তোমরা পাথেয় সঞ্চয় কর নিশ্চয়ই উত্তম পাথেয় হলো তাকওয়া।”- সূরা বাকারাহ: ১৯৭)।”[1]

ফুটনোট

[1] আবু দাউদ: ১৭৩০; সহীহুল বুখারী: ১৫২৩; নাসাঈ, আল কুবরা: ৫/১৫৪; তাবারী, জামি'উল বায়ান: ৩৭৩০।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ২৬৮০)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92010>

🔗 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন